

প্রেস বিজ্ঞপ্তি  
২৫ সেপ্টেম্বর ২০২৩

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সিরাজগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক অদ্য ২৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখে বিকাল ০৩.০০ ঘটিকা থেকে বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার বাঐতারা বাজার, কালীবাড়ি বাজার ও এস এস রোড এলাকায় নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণে ও ভোক্তা অধিকার বিরোধী কার্য প্রতিরোধে অভিযান পরিচালিত হয়েছে। সহকারী পরিচালক জনাব মোঃ হাসান-আল-মারুফ বাঐতারা বাজারে সুমন কাঁচামালের ঘরকে আলু, পেঁয়াজ ইত্যাদি পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ২,০০০/- টাকা, কালীবাড়ি বাজারে নুরুল ইসলাম ষ্টোরকে মূল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে ২,০০০/- টাকা এবং এস এস রোডে সাহেদুল মেডিক্যাল হলকে প্রতিশ্রুত পণ্য যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে (দোকানে স্যালাইন থাকার পরেও বিক্রয় এবং সরবরাহ করছেন না) ১০,০০০/- টাকা জরিমানা করেন। এছাড়াও মূল্য তালিকা আছে কিনা, ক্রয়- বিক্রয় ভাউচার সংরক্ষণ করছেন কিনা ইত্যাদি তদারকি করা হয়েছে এবং সরকার নির্ধারিত মূল্যে আলু, পেঁয়াজ, ডিম বিক্রয় করার জন্য অনুরোধ করা হয়েছে এবং মাইকিং করে ভোক্তা ও ব্যবসায়ীদের সচেতন করা হয়েছে। পুলিশ লাইন সিরাজগঞ্জ ও সদর থানা পুলিশের একটি চৌকস টিম এর সহায়তায় উপর্যুক্ত অভিযান পরিচালিত হয়েছে। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।

২৫.০৭.২০২৩

(মোঃ হাসান-আল-মারুফ)

সহকারী পরিচালক

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

সিরাজগঞ্জ জেলা কার্যালয়

মোবাইলঃ ০১৩১৮-৩৯৬৯৫৮